

97740 - চুল কিংবা নখ কাটার পর দাফন করা আবশ্যিক নয়

প্রশ্ন

আমি নখ কাটা কিংবা চুল ফেলার পর সেগুলো দাফন করা কি আবশ্যিক?

প্রিয় উত্তর

আপনার উপর সেগুলো দাফন করা আবশ্যিক নয়। যদি আপনি দাফন করেন তাহলে সেটি ভালো। আর যদি সেটা করতে না পারেন তাহলেও ইনশাআল্লাহ কোন অসুবিধা নাই। চুল ও নখ দাফন করার নির্দেশ সম্বলিত কিছু হাদিস উদ্ধৃত হয়েছে। কিন্তু সে হাদিসগুলো সহিহ নয়।

বাইহাক্কী তাঁর ‘শুআবুল ঈমান’ গ্রন্থে বলেন: চুল ও নখ দাফন করার হাদিসটি কয়েকটি সনদে বর্ণিত হয়েছে। প্রত্যেকটি সনদই দুর্বল।[সমাণ্ড][নাসবুর রায়াহ ফি তাখরিজি আহাদিছিল হিদায়া (১/১৮৯)]

ইমাম আহমাদ বিন হাম্বল (রহঃ) বলেন: “চুল ও নখ দাফন করবে। যদি না করতে পারে; তাহলে এতে আমরা কোন অসুবিধা মনে করি না।”[খাল্লাল ‘আত-তারাজ্জুল’ গ্রন্থে (পৃষ্ঠা-১৯) এটি বর্ণনা করেছেন]

শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উছাইমীন (রহঃ) কে চুল ও নখ দাফন সম্পর্কে জিজ্ঞেস করা হলে জবাবে তিনি বলেন:

“আলেমগণ উল্লেখ করেছেন যে, চুল ও নখ দাফন করা উত্তম ও ভাল। কিছু সাহাবী থেকে এটি বর্ণিত আছে। পক্ষান্তরে এগুলো খোলা জায়গায় পড়ে থাকলে কিংবা কোন স্থানে ফেললে গুনাহ হয়— এমন কথা ঠিক নয়।”[মাজমুউ ফাতাওয়াস শাইখ আল-উছাইমীন (১১/প্রশ্নোত্তর নং ৬০)]